


খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ
খুলনা

চার্টার্ড এ্যাকাউন্ট্যান্টস ফার্ম নিয়োগের দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের ২০২১-২০২২ অর্থ বছরের যাবতীয় ভাউচার ও অন্যান্য তথ্যের ভিত্তিতে প্রাপ্তি প্রদান হিসাব, আয়-ব্যয় হিসাব ও ব্যালান্সশীট প্রণয়নসহ নিরীক্ষার জন্য বহিঃ নিরীক্ষক (চার্টার্ড এ্যাকাউন্ট্যান্টস) ফার্মের নিকট হতে সিল মোহরযুক্ত দরপত্র (অফার) আহ্বান করা যাচ্ছে। দরপত্রের সংগে সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে নিরীক্ষাকাজে কমপক্ষে ১০(দশ) বছরের অভিজ্ঞতার সদনপত্র, ভ্যাট, টিআইএন, ও আইসিএবি অডিটরেজিস্ট্রেশন, এর কপি দাখিল করতে হবে। উল্লেখ্য যে, ২০২০-২০২১ অর্থ বছরে খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের প্রাপ্তি প্রদান হিসাবে মোট প্রাপ্তি ১২,৮৪৭.৯৪ লক্ষ টাকা এবং নীট মুনাফা ছিল ২০৭০.৭৩ লক্ষ টাকা। নিরীক্ষা প্রতিবেদন তৈরী করার নিমিত্তে কোন প্রকার মনিহারী দ্রব্যাদিসহ অন্যান্য কোন ব্যয় এই কর্তৃপক্ষ বহন করবে না। কর্তৃপক্ষে বিভিন্ন শাখা/বিভাগ হতে বিভিন্ন তথ্য স্ব-উদ্যোগে সংগ্রহ করতে হবে। আয় ও ব্যয়ের ভাউচার সমূহ কর্তৃপক্ষের ক্যাশিয়ারের নিকট থেকে সংগ্রহ করতে হবে। এই কাজের জন্য চাহিত ফিসের টাকা অংকে ও কথায় লিপিবদ্ধ করতে হবে। ফিসের টাকা হতে সরকার কর্তৃক নির্ধারিত হারে ভ্যাট ও আয়কর কর্তন করা হবে। কোন প্রকার আংশিক বিল প্রদান করা হবে না। কার্যাদেশ ইস্যুর তারিখ হতে ৪৫ দিনের মধ্যে কার্য সম্পাদন করতে হবে। কার্য সম্পাদনের পর ০১(এক) কপি খসড়া নিরীক্ষা প্রতিবেদন অনুমোদন করিয়ে ফাইনাল রিপোর্টের ৫০ (পঞ্চাশ) টি বই অফসেট কাগজে বাইন্ডিং ও স্বাক্ষরসহ নিজ খরচে দাখিল করতে হবে। দরপত্রসমূহ আগামী ১৭/০৭/২০২২ ইং তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে সচিব কেডিএ'র অফিস কক্ষে রক্ষিত টেন্ডার বক্সে জমা দিতে হবে। দরপত্র দাতাগন রেজিস্টার্ড পোস্ট/কুরিয়ার সার্ভিসের মাধ্যমেও তাদের দরপত্র পাঠাতে পারবেন। তবে তাদের দরপত্র অবশ্যই নির্ধারিত তারিখ এবং সময়ের মধ্যে পৌঁছাতে হবে। কেডিএ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে। এ বিষয়ে অতিরিক্ত কোন তথ্য জানা দরকার হলে এই কর্তৃপক্ষের অর্থ ও হিসাব রক্ষণ অফিসারের সাথে যোগাযোগ করা যেতে পারে।


(মোঃ তব্বিরুর রহমান)
উপ-সচিব

সচিব

খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ

খুলনা।

ফোন-০২৪৭৭-৭২২৩৮৬

ই-মেইল:kda@kda.gov.bd